# নিউ ইয়র্ক সিটিতে শিশু সুরক্ষা পরিষেবাগুলি বিষয়ে মা-বাবার নির্দেশিকা

## ACS অফিস অফ অ্যাডভোকেসিতে যোগাযোগ করুন

- আপনার CPS বা তার সুপারভাইজরের সঙ্গে কথা বলার পরেও আপনার সমস্যার সমাধান বা উদ্বেগের অবসান না ঘটলে, অনুগ্রহ করে (212) 676-9421 নম্বরে ACS অফিস অফ অ্যাডভোকেসির বাবামা এবং বাচ্চার অধিকার বিভাগের সহায়তা লাইনে যোগাযোগ করুন বা 150 William Street, First floor, New York, NY 10038 ঠিকানায় সকাল 10টা থেকে বিকাল 5টার মধ্যে আমাদের সঙ্গে দেখা করুন। আপনার উদ্বেগের অবসান ঘটাতে অফিস অফ অ্যাডভোকেসির কর্মী আপনাকে, CPS এবং সুপারভাইজরদের নিয়ে একসঙ্গে কাজ করবে।

- NYC এর আওতাধীন প্রত্যেক পরিবেশে পরিবারের জন্য পরিষেবা উপলব্ধ আছে। আপনাকে আপনার বাচ্চার যত্ন নিতে সহায়তা করবে এমন কোনো প্রোগ্রাম যেমন কাউন্সেলিং, চাইল্ড কেয়ার, মাদক জাত দ্রব্য থেকে দূরে থাকার চিকিৎসার বিষয়ে সহায়তা লাগলে, আপনি 311 নম্বরে কল করে আপনার কমিউনিটিতে থাকা নিকটবর্তী **প্রতিরোধমূলক পরিষেবার** কথা জিজ্ঞাসা করতে পারেন। অথবা, 1-800-CHILDREN এ আপনি প্রতিরোধমূলক এবং বাবামায়ের সহায়তা লাইনে কল করতে পারেন।

NYC
Administration for Children's Services

www.acs.nyc.gov

## আমার বাচ্চাকে কি আমার কাছ থেকে সরিয়ে নেওয়া হবে?

- ACS চেষ্টা করে যে পরিবার যেন একসঙ্গে থাকতে পারে, তারা কাউন্সেলিং, বাবামায়েদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, ড্রাগের প্রয়োজনীয় চিকিৎসা এবং **অন্যান্য পরিষেবার** ব্যবস্থা করে থাকে যা বাচ্চাদের নিরাপদে রাখতে সাহায্য করে এবং আপনার কাছ থেকে তাকে সরিয়ে নিয়ে যাওয়ার মতো পরিস্থিতির জন্ম হতে দেয় না।
- CPS যদি মনে করে যে আপনার বাচ্চার বিপদ আসন্ন তাহলে CPS পারিবারিক আদালতের একজন বিচারককে আপনার বাচ্চাকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার কথা বলবে।
- CPS যদি মনে করে যে আপনার বাচ্চার বিপদ আসন্ন তাহলে শুধুমাত্র তখনই কোনো বিচারককে জিজ্ঞাসা না করেই আপনার কাছ থেকে সরিয়ে নিয়ে যাবে। CPS যদি কোনো বিচারককে জিজ্ঞাসা না করেই আপনার শিশুকে সরিয়ে দেন, তাহলে CPS-কে পরবর্তী কর্মদিবসেই পারিবারিক আদালতে আবেদনপত্র পেশ করতে হবে।
- CPS আপনার বাচ্চাকে আপনার কাছ থেকে সরিয়ে নিয়ে গেলে, আপনি কোনো বিচারককে আপনার বাচ্চাকে আপনার কাছে অবিলম্বে ফিরিয়ে দেওয়ার জন্য বলতে পারেন। তবে, এই সিদ্ধান্ত নেওয়ার জন্য বিচারককে অবশ্যই শুনানির আয়োজন করতে হবে। আদালত যদি মনে করে যে উকিলের খরচ বহন করার মতো সামর্থ্য আপনার নেই তাহলে, বিচারক নিখরচায় আপনার জন্য এক উকিলের ব্যবস্থা করবেন।
- আপনার শিশুকে যদি আপনার বাড়ি থেকে সরানো আবশ্যক হয়, তাহলে ACS আপনার কোনো আত্মীয় বা ঘনিষ্ঠ বন্ধুর ব্যাপারে জানতে চাইবে যিনি অস্থায়ীভাবে আপনার শিশুর যত্ন নিতে পারেন। ইতিহাস খতিয়ে দেখে এবং বাড়ির মূল্যায়নের পরে, আপনার শিশুকে পরিবারের কোনো সদস্য বা ঘনিষ্ঠ বন্ধুর কাছে রাখা হতে পারে। তারা উপলব্ধ না থাকলে বা আপনার উল্লেখ করা মানুষজন নিরাপত্তার মাপকাঠিতে উত্তীর্ণ হতে না পারলে, আপনার বাচ্চাকে কোনো ফস্টার হোমে রাখা হতে পারে।
- কিছু ক্ষেত্রে, CPS কোনো পারিবারিক আদালতের বিচারককে "আদালত নির্দেশিত তত্ত্বাবধানের" জন্য বলতে পারে। এর মানে হল আপনার বাচ্চাকে ফস্টার কেয়ারে নিয়ে যাওয়া হবে না। আপনার বাচ্চা আপনার যে বন্ধু বা আত্মীয়ের বাড়িতে অস্থায়ী ভাবে রয়েছে সেখানে আদালত তত্ত্বাবধানের আদেশ দিতে পারে বা আপনার বাচ্চা আপনারই বাড়িতেই থাকলে সেখানে তত্ত্বাবধানের নির্দেশ দিতে পারে এবং নির্দিষ্ট নির্দেশ দেওয়া হবে যা আপনাকে অবশ্যই মেনে চলতে হবে। উদাহরণস্বরূপ, আদালতের কথা মতো আপনাকে ক্লাসে যোগ দিতে হতে পারে বা কোনো কাউন্সিলরের পরামর্শ নিতে হতে পারে এবং ACS কে আপনার বাচ্চার নিরাপত্তার উপরে একটি নির্দিষ্ট সময় ধরে নজর রাখা চালিয়ে যেতে বলতে পারে।



"নিউ ইয়র্ক সিটি অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (ACS) নিউ ইয়র্ক সিটির শিশুদের নির্যাতন ও দুর্ব্যবহার থেকে রক্ষা করে। আমাদের কমিউনিটি সহযোগীদের সঙ্গে, ACS পাড়া-ভিত্তিক পরিষেবাগুলি প্রদান করে, যাতে শিশুদের সুরক্ষিত, স্থায়ী বাড়িতে শক্তিশালী পরিবারের সঙ্গে বড় হতে সাহায্য করা যায়। ACS এর শিশু সুরক্ষা বিশেষজ্ঞরা (CPS) প্রতি বছর সম্ভাব্য নির্যাতন ও দুর্ব্যবহারের 50,000 এর বেশি রিপোর্টের তদন্ত করেন।"

## তদন্ত করে যদি কোনো স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া না যায় তাহলে কী হবে?

- তদন্তে কোনো **স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া** যায়নি তা জানিয়ে স্টেট সেন্ট্রাল রেজিস্টারের তরফ থেকে আপনাকে একটি চিঠি পাঠানো হবে।
- **স্বাক্ষ্যপ্রমাণ না পাওয়া** রিপোর্টটি বন্ধ করে দেওয়া হবে তবে ডেটাবেসে তা থেকে যাবে এবং আগামীদিনে SCR উদ্বেগ উঠে আসলে একজন CPS পর্যালোচনা করে দেখতে পারবেন।
- **স্বাক্ষ্যপ্রমাণ না পাওয়ার** রিপোর্টগুলি SCR যে তারিখে পেয়েছিল সেই দিন থেকে 10 বছর পরে ডেটাবেস থেকে মুছে দেওয়া হবে।
- তদন্তে কোনো **স্বাক্ষ্যপ্রমাণ না পাওয়া** গেলেও, আপনার CPS আপনাকে নিম্নলিখিত পরিষেবাগুলির একটি বা একাধিক নেওয়ার কথা বলতে পারে: কাউন্সেলিং, বাবামায়ের প্রয়োজনীয় প্রশিক্ষণ বা ড্রাগের চিকিৎসার প্রোগ্রাম।

## তদন্ত করে যদি স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া যায় তাহলে কী হবে?

- তদন্ত **স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া** গেছে তা জানিয়ে CPS এর তরফ থেকে আপনাকে একটি চিঠি পাঠানো হবে। চিঠিতে এই বিষয়টির ব্যাখ্যা করা হবে যে আপনি সেই সিদ্ধান্তের পর্যালোচনা করে দেখার জন্য বলতে পারবেন এবং কীভাবে তা করতে পারবেন সেই নির্দেশ দেওয়া হবে।
- রিপোর্টের একটি কপি পাওয়া কিংবা সিদ্ধান্তটি পরিবর্তন করার অনুরোধ করার জন্য, আপনি সরাসরি শিশু ও পারিবারিক পরিষেবাসমূহের অফিসে (Office of Children and Family Services) এই ঠিকানায় চিঠি লিখতে পারেন:

  State Central Register
  P.O. Box 4480
  Albany, NY 12204
- **স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া** রেকর্ডগুলি রিপোর্টে নাম থাকা সবথেকে কম বয়সী বাচ্চা 18 বছরের হয়ে গেলে তার 10 বছর পরে ডেটাবেস থেকে অবশ্যই মুছে ফেলতে হবে।
- আপনার **স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া** রিপোর্টে পারিবারিক আদালতকে জড়িত হতে হলে, আদালতের বিচারক আপনাকে বাবামায়ের প্রয়োজনীয় প্রশিক্ষণ, ড্রাগের প্রয়োজনীয় চিকিৎসা নিতে বলতে পারেন বা কাউন্সেলিং করাতে বলতে পারেন। আপনার CPS আপনাকে এই সমস্ত পরিষেবা খঁজে নিতে প্রয়োজনীয় সহায়তা দিতে পারবে।



# নিউ ইয়র্ক সিটিতে বাচ্চাদের সুরক্ষা দেওয়ার পরিষেবাগুলির বিষয়ে বাবা-মায়ের জন্য নির্দেশিকা

বাচ্চাদের পরিষেবাগুলির ব্যবস্থাপনা

NYC
Administration for Children's Services

Bill de Blasio
মেয়র

Gladys Carrión, Esq.
কমিশনার

## নিউ ইয়র্ক সিটি অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেনস সার্ভিস (ACS) বলতে কী বোঝানো হয়?

New York সিটি অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (Administration for Children's Services, ACS) New York সিটির শিশুদের নির্যাতন ও অবহেলা থেকে রক্ষা করে। আমাদের কমিউনিটি সহযোগীদের সঙ্গে, ACS সমস্ত শহর জুড়ে পাড়া-ভিত্তিক পরিষেবাগুলি প্রদান করে, যাতে শিশুরা সুরক্ষিত ভাবে, স্থায়ী ভাবে বাড়িতে পরিবারিক মূল্যবোধের সঙ্গে বড় হতে পারে। ACS প্রতি বছর সম্ভাব্য নির্যাতন এবং অবহেলার 50,000টিরও বেশি রিপোর্ট পায়। আপনার দায়িত্বে থাকা কোনো বাচ্চার বিষয়ে ACS কোনো রিপোর্ট পেলে কী ঘটবে সেই বিষয়ে এই নির্দেশিকা প্রয়োজনীয় তথ্য দিতে পারবে বলে আমাদের বিশ্বাস।

## একজন ACS বাচ্চার সুরক্ষার বিশেষজ্ঞ (CPS) আমার সঙ্গে কী কারণে যোগাযোগ করেছেন?

আপনার সঙ্গে যোগাযোগ করা হয়েছে, যেহেতু শিশুদের উপরে নির্যাতন ও দুর্ব্যবহার সংক্রান্ত New York স্টেট সেন্ট্রাল রেজিস্টার (State Central Register, SCR)-এর থেকে ACS একটি রিপোর্ট পেয়েছে যে আপনার পরিচর্যায় থাকা একটি শিশু হয়তো নিরাপদে নেই। কোনো শিশুর উপরে তার বাবামা, অভিভাবক বা তার যত্ন নেওয়ার দায়িত্বে থাকা ব্যক্তি নির্যাতন চালালে বা তাকে অবহেলা করলে (তার প্রয়োজনীয় যত্ন না নিলে) বাচ্চার নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে বলে মনে করা হয়। আমরা SCR-এর থেকে যে সমস্ত সম্ভাব্য নির্যাতন বা অবহেলার রিপোর্ট পাই, ACS-কে **আইন অনুসারে সেই** সবগুলির তদন্ত করতে হয়।

শিশুর সুরক্ষার বিশেষজ্ঞ (Child Protective Specialist, CPS) হল একজন ACS কর্মচারী যিনি বাচ্চাদের সুরক্ষার বিষয়ে নজর রাখতে পরিবারের সঙ্গে মিলে কাজ করার দক্ষতায় প্রশিক্ষিত এবং পরিবারের সদস্যদের সহায়তা পাইয়ে দেওয়ার বিষয়ে প্রশিক্ষিত।

আপনি ইংরাজি ছাড়া অন্য কোনো ভাষায় আপনার CPS এর সঙ্গে কথা বলতে চাইলে, CPS নিখরচায় দোভাষীর ব্যবস্থা করে দেবে। আপনার বিষয়ের গুরুত্বপূর্ণ তথ্যের কাগজপত্র যাতে আপনাকে আপনার পছন্দের ভাষায় দেওয়া হয় আপনি তার অনুরোধও জানাতে পারবেন। তথ্যগুলি আপনার ভাষায় উপলব্ধ না থাকলে, CPS একজন দোভাষীর সাহায্যে তা আপনাকে আপনার ভাষায় বুঝিয়ে বলে দেবেন। আপনি বধির হলে বা আপনার শ্রবণশক্তি দুর্বল হলেও আপনি দোভাষীর পরিষেবা পেতে পারবেন।

## শিশুদের উপরে নির্যাতন বলতে কী বোঝায়?

কোনো বাচ্চাকে শারীরিক ভাবে আঘাত করা হলে নির্যাতন চালানো হয়েছে বলে ধরা হয় এবং এই সমস্ত বিষয় এখানে বিবেচ্য: শারীরিক ভাবে নির্যাতন, যেমন ঘুষি মারা, লাথি মারা, কালশিটে পড়া, পুড়ে যাওয়া বা হাড় ভেঙে যাওয়া এবং/অথবা এর মধ্যে যৌন ভাবে নির্যাতন বিবেচ্য হতে পারে, যেমন কোনো বাচ্চার সঙ্গে যৌন কিছু করা, বাচ্চাকে বেশ্যাবৃত্তির কাজে লাগানো বা বাচ্চাকে দিয়ে অশ্লীল সব ছবি বানানো।

## শিশুদের অবহেলা করা বলতে কী বোঝানো হয়?

বাচ্চার যা প্রয়োজন তাকে তা দেওয়া না হলে বাচ্চা অবহেলিত হচ্ছে বলে ধরা হয় এবং বাবামা যদি তার বাচ্চাকে এই সমস্ত জিনিস সরবরাহ করতে অসমর্থ হন তাহলে বাচ্চা অবহেলিত হচ্ছে বলে ধরা হয়: পর্যাপ্ত তত্ত্বাবধান, পর্যাপ্ত খাবার, উপযুক্ত মেডিকেল কেয়ার, উপযুক্ত জামাকাপড় বা শিক্ষার সুবিধা। কোনো বাচ্চাকে একা রেখে চলে যাওয়া বা অনুপযুক্ত কোনো কেয়ারটেকারের দায়িত্বে রেখে চলে যাওয়া, বাচ্চাকে অপমান করা বা বাচ্চাকে ভয় দেখানো বা ড্রাগ নেওয়া বা মদ্যপান করা এবং তার কারণে বাচ্চার দেখাশোনা করতে না পারা ইত্যাদিও বাচ্চার প্রতি অবহেলার ঘটনা হিসাবে ধরা হবে।

## কেউ কেন SCR-এর কাছে সম্ভাব্য বিপদের রিপোর্ট করবে?

কোনো বাচ্চা নিরাপদে নেই বলে কারোর মনে হলে তিনি সেই সম্ভাব্য নির্যাতন বা অবহেলার কথা SCR কে কল করে জানাতে পারেন। ডাক্তার, নার্স, স্কুলের শিক্ষক বা সামাজিক কর্মীর মতো মানুষজনেরা যদি মনে করেন যে কোনো বাবামা বা কেয়ারগিভার তাদের দায়িত্বে থাকা বাচ্চার উপরে নির্যাতন চালাচ্ছেন বা অবেহলা করছেন তাহলে আইন মতো তাদেরকে SCR কে কল করে তা জানাতে হবে। যে সমস্ত কারণে কেউ SCR কে কল করতে পারেন তার মধ্যে রয়েছে:

- বাচ্চার অস্বাভাবিক ভাবে আঘাত লাগা
- অলবয়স্ক বা বিশেষ ধরনের সাহায্যের প্রয়োজন হয় এমন বাচ্চাকে একা রেখে দেওয়া
- বাচ্চার স্বাস্থ্যজনিত সমস্যা রয়েছে এবং তার দেখাশোনা করা হচ্ছে না
- শিশু কোনো যুক্তিগ্রাহ্য কারণ ছাড়াই ঘন ঘন স্কুলে অনুপস্থিত থাকে

**যেকেউ SCR-এর কাছে সম্ভাব্য বিপদের রিপোর্ট করতে পারবেন।** ACS কে আইন অনুসারে SCR এর কাছে জানানো সমস্ত রিপোর্ট তদন্ত করতে হয়, তা সে জানানো উদ্বেগ আদতে সত্য প্রমাণিত হোক বা নাই হোক। কেউ ইচ্ছাকৃত ভাবে SCR কে মিথ্যা রিপোর্ট দিলে তা অপরাধ হিসাবে ধরা হয়; মিথ্যা রিপোর্ট দেওয়া ব্যক্তির আইনি ভাবে বিচার হতে পারে।

## আমাকে কি জানানো হবে যে, কোন ব্যক্তি অভিযোগ জানিয়েছিলেন?

না। যে ব্যক্তি উদ্বেগের কথা জানিয়েছেন তার পরিচয় আপনাকে জানানোর আইনি অধিকার ACS এর কাছে নেই। ব্যক্তির পরিচয় গোপন রাখা হয়। কী বলা হয়েছে তা আপনাকে জানানো হবে তবে কে রিপোর্ট করেছেন তা জানানো হবে না।

## কোনো উদ্বেগের রিপোর্ট করার পরে কী হয়?

ACS, SCR এর কাছ থেকে একটি রিপোর্ট পেলে, রিপোর্ট সত্য কিনা তা স্থির করতে একজন CPS উদ্বেগের বিভিন্ন দিক অবশ্যই খতিয়ে দেখবেন।

- রিপোর্ট পাওয়ার **24 ঘন্টর মধ্যে** CPS তদন্ত শুরু করবে। তিনি আপনাকে একটি চিঠি দিয়ে জানাবেন যে সম্ভাব্য নির্যাতন বা অবহেলার কারণে আপনার উপরে তদন্ত চালানো হচ্ছে। CPS আগে থেকে না জানিয়েই আপনার বাড়িতে যেতে পারেন এবং আপনার সঙ্গে, আপনার বাচ্চার সঙ্গে এবং আপনার বাড়িতে থাকা অন্যান্যদের সঙ্গে দেখা করতে পারেন। দেখা করতে গিয়ে CPS আপনার বাড়ি ঘুরে দেখবেন যাতে তিনি নিশ্চিত করতে পারেন যে সেখানে থাকা বাচ্চার প্রয়োজনীয়তা আপনি পূরণ করছেন (উদাহরণস্বরূপ, বাড়িতে যেন কোনো বিপদ চোখে না পড়ে বা বাড়িতে পর্যাপ্ত খাবারের ব্যবস্থা থাকে)।
- তদন্তের সময়ে, CPS শিক্ষকদের সঙ্গেও কথা বলতে পারেন, আপনার বাচ্চার স্কুলে বা ডে কেয়ারে যেতে পারেন এবং আপনার প্রতিবেশী এবং হেলথ কেয়ার প্রোভাইডার সমেত আপনাকে বা আপনার পরিবারকে চেনেন এমন ব্যক্তিদের সঙ্গে কথা বলতে পারেন।
- **ক্যালেন্ডার ধরে 60 দিনের মধ্যে**, CPS তদন্ত সম্পন্ন করবেন। বাচ্চার উপরে নির্যাতন চালানোর বা তাকে অবহেলা করার পর্যাপ্ত স্বাক্ষ্যপ্রমাণ CPS হাতে পেলে, তদন্তের ফল "**স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া গেছে**" হিসাবে জানানো হবে। বাচ্চার উপরে নির্যাতন চালানোর বা তাকে অবহেলা করার স্বাক্ষ্যপ্রমাণ CPS হাতে না পেলে, তদন্তের ফল "**স্বাক্ষ্যপ্রমাণ পাওয়া যায়নি**" হিসাবে জানানো হবে। আপনাকে ডাক যোগে চূড়ান্ত সিদ্ধান্তের ব্যাপারে জানানো হবে।
- CPS যদি এমন সিদ্ধান্তে পৌঁছান যে আপনার বাচ্চার বিপদ হওয়ার সম্ভাবনা রয়েছে তাহলে, CPS শিশুর নিরাপত্তার কনফারেন্সের (Child Safety Conference, CSC) আয়োজন করবেন। আপনাকে তাতে যোগ দিতে বলা হবে এবং আপনি আপনাকে সহায়তা দেওয়ার জন্য পরিবারের সদস্য বা অন্যান্যদের সঙ্গে করে নিয়ে আসতে পারবেন। আপনাকে একজন পেরেন্ট অ্যাডভোকেটের পরিষেবাও দেওয়া হবে। কনফারেন্সে, CPS আপনার বাচ্চার নিরাপত্তার বিষয়ে উদ্বেগের দিকগুলিকে তুলে ধরবেন এবং আপনার বাচ্চাকে নিরাপদে রাখতে কী করা যেতে পারে তা নিয়ে সকল অংশগ্রহণকারী মিলিত ভাবে আলোচনা করবেন।

## আরো তথ্য পেতে আমি কার সঙ্গে কথা বলতে পারি?

প্রথমে CPS এর সঙ্গে কথা বলুন এবং প্রয়োজনে তার সুপারভাইজরদের সঙ্গে কথা বলুন।

নির্যাতন বা অবহেলার রিপোর্টে আপনার নাম থাকলে, অনুগ্রহ করে আপনার বিষয়টি নিয়ে আপনার কোন উদ্বেগ বা প্রশ্ন থাকলে সেই বিষয়ে আপনার CPS এর সঙ্গে কথা বলে নিন। আপনার যদি এরপরেও কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তাহলে আপনার CPS সুপারভাইজরের সঙ্গে যোগাযোগ করা উচিত। সুপারভাইজর আপনার উদ্বেগগুলি মেটাতে না পারলে, সেই ক্ষেত্রে আপনার শিশু সুরক্ষার ব্যবস্থাপকের সঙ্গে যোগাযোগ করা উচিত। সুপারভাইজরকে অবশ্যই তার সঙ্গে যোগাযোগের তথ্য আপনাকে দিতে হবে।

______________________________
CPS এর নাম

______________________________
CPS এর টেলিফোন নম্বর

______________________________
CPS এর সুপারভাইজরের নাম

______________________________
CPS এর সুপারভাইজরের নম্বর

______________________________
CPS এর সুরক্ষা ম্যানেজারের নাম

______________________________
CPS এর সুরক্ষা ম্যানেজারের নম্বর